দৈনিক ইত্তেফাক

তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

4

# শিক্ষার পরিবেশ রক্ষায় ছাত্রদের অগ্রণী ভূমিকা রাখিতে হইবে

## প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদের প্রতি তাহাদের বৃহত্তর স্বার্থে সকল তুচ্ছ মতভেদের উর্ধ্বে উঠিয়া সন্ত্রাস রোধ ও সুস্থ শিক্ষা পরিবেশ নিশ্চিত করিতে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানাইয়াছেন। বাসস জানায়, গতকাল (মঙ্গলবার) প্রধানমন্ত্রী সচিবালয় দপ্তরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ সদস্যদের সাথে বৈঠকে বক্তৃতা দিতে ছিলেন।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

তিনি ছাত্রদের প্রতি তাহারা যে চেতনায় স্বৈরাচার হটাইয়াছে সেই একই চেতনায় সন্ত্রাসবাদ ও সহিংসতার বিরুদ্ধে আন্দোলন গড়িয়া তোলার আহ্বান জানান। তিনি ছাত্র সংগঠনগুলির প্রতি সন্ত্রাসীদের আশ্রয় না দেওয়ারও আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাঙ্গনে সেশনজট সমেত সকল সমস্যার সমাধান করিতে সংকল্পবদ্ধ। তিনি বলেন, তাহার সরকার ছাত্রদের জন্য কর্ম সংস্থানের নতুন প্রকল্প গ্রহণ করিবে। তিনি বলেন, গণতান্ত্রিকভাবে নির্বাচিত তাহার সরকারের কাছে জনগণের সাথে দেশের ছাত্রদেরও যে বড় প্রত্যাশা আছে তাহা তিনি জানেন। তিনি বলেন, সকলের সহযোগিতা নিয়া তাহার সরকার তাহাদের প্রত্যাশা মত কাজ করিবে।

তিনি বলেন, স্বৈরশাসন উহার অন্যতম অমঙ্গল হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সন্ত্রাস রাখিয়া গিয়াছে। স্বৈরাচারের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রামের পর প্রতিষ্ঠিত গণতন্ত্রের সুফল ভোগ করিতে হইলে সন্ত্রাসবাদ দমন করিতে হইবে। তিনি শিক্ষকদের প্রতি শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধের জন্য সকল মহলকে সর্বাত্মক সহযোগিতা দেওয়ার আহ্বান জানান। তিনি শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধের জন্য সব মহলকে সম্ভব সকল সহযোগিতা দেওয়ার সরকারী সংকল্প পুনর্ব্যক্ত করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক মনিরুজ্জামান মিয়া ও প্রো-ভিসি ওয়াকিল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আনোয়ার উল্লাহ চৌধুরী, প্রোক্টর এম শাহজাহান মিয়া, ডাকসু ভিপি আমান-উল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন, বাংলাদেশ ছাত্রলীগ সভাপতি মুহম্মদ শাহ আলম ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ছাত্রলীগ (না-শা) সভাপতি নাজমুল হক প্রধান, হল প্রভোষ্টবৃন্দ এবং অন্যান্য ছাত্র সংগঠনের নেতারা সভায় অংশ নেন।